



নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা

ই মেইল: precis@dhaka.net
ওয়েব সাইট : www.ecs.gov.bd

ফোন : ৮১১৩৬০১, ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-৭
ফ্যাক্স : ৯১২৯৭৭৩

নিকস/জঃসঃ/প্রেস রিলিজ/২০০৫/১৬০৬


তারিখঃ ১৯/১২/২০০৬

সংবাদ বিজ্ঞপ্তি

জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থীদের হলফনামায় ৮টি তথ্য
প্রদানের উপর অ্যাপিলেট ডিভিশনের স্থগিতাদেশ :

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইতোপূর্বে মাননীয় সুপ্রিম কোর্টের হাইকোর্ট ডিভিশন কর্তৃক জাতীয় সংসদ নির্বাচনে মনোনয়নপত্র জমা দানের সময় হলফনামার মাধ্যমে প্রার্থীদের ৮টি বিভিন্ন তথ্য জমা দানের যে নির্দেশ দেয়া হয়েছিল তা মাননীয় অ্যাপিলেট ডিভিশন কর্তৃক স্থগিত করা হয়েছে। এ প্রেক্ষিতে আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে রিটার্নিং অফিসারের নিকট প্রার্থীদের মনোনয়নপত্র দাখিলের সময় হলফনামায় ৮টি বিভিন্ন তথ্য প্রদান করার আর প্রয়োজন নেই।

উল্লেখ্য মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট ডিভিশনে দাখিলকৃত একটি রীট পিটিশনের প্রেক্ষিতে গত ২৪ মে ২০০৫ তারিখে মাননীয় আদালত জাতীয় সংসদ নির্বাচনে মনোনয়নপত্র দাখিলের সময় হলফনামার মাধ্যমে প্রার্থীদের ৮টি বিভিন্ন তথ্য প্রদানের আদেশ দিয়েছিল। পরবর্তীতে এই আদেশের বিরুদ্ধে জনৈক আবু সাফা কর্তৃক সুপ্রিম কোর্টের অ্যাপিলেট ডিভিশনে আপিল করার প্রেক্ষিতে ১৯ ডিসেম্বর ২০০৬ তারিখে অ্যাপিলেট ডিভিশন কর্তৃক হাইকোর্ট ডিভিশন কর্তৃক প্রদত্ত আদেশের উপর স্থগিতাদেশ প্রদান করেছেন।


(এস এম আসাদুজ্জামান)

জনসংযোগ কর্মকর্তা (সিঃসিঃ)

ফোন : ৮১১৪১৭৬

বাসা : ৮০৫৩৪৭৬